

# ভূতের রাজার কাছ থেকে কী চান অনির্বাণ, তুহিনা, রুদ্রনীলবা?

নিজস্ব সংবাদদাতা

আনন্দবাজার পত্রিকা, কলকাতা ০৫ মে ২০২১ ২৩:৫৭



অনির্বাণ, তুহিনা, রুদ্রনীল

সপ্তাহব্যাপী সত্যজিৎ রায়ের স্মৃতিচারণ। জন্ম শতবার্ষিকীতে পা সত্যজিতের। কখনও এক হাজার সেকেন্ডের মন্তাজ ভিডিয়ো, কখনও বা পোস্টার, ‘হইচই’-এর ইনস্টাগ্রাম জুড়ে কেবল কিংবদন্তি পরিচালক। এ বারে ভূতের রাজা হাজির সেখানে। তবে এ বার গুপী গায়েন আর বাঘা বাইন নেই। তাঁর থেকে বর চাইতে এলেন অনির্বাণ চক্রবর্তী, অনির্বাণ ভট্টাচার্য, তুহিনা দাস, বিক্রম চট্টোপাধ্যায়, সৌরভ দাস এবং রুদ্রনীল ঘোষ।

নিয়মের পরিবর্তন করেননি ‘ভূতের রাজা’। হাতে হাতে তালি মেরেই হয়ে যাবে যাবতীয় ইচ্ছাপূরণ। আর তাই এই ৬ জন অভিনেত্রী-

অভিনেতার চরিত্রা ‘জবর জবর’ বর নিতে এল। দেখে নেওয়া যাক, কে কী চাইছে।

‘একেন বাবু’ তো খাদ্যরসিক বাঙালি। তাই সেও গুপী-বাঘার পথেই হাঁটল। ‘ভূতের রাজা’র কাছে তার চাহিদা ‘তালে বাজিয়েই খানাপিনা’।

‘ব্যোমকেশ’-এর মতো সত্যান্বেষী যে সত্যের দাবিই করবে, তা স্পষ্ট। তাই চাইল সে। ‘এক তালিতেই কেস সলভড’। সামনে হাজির সত্য, রহস্যের সমাধান সূত্র।

আর এক গোয়েন্দা ‘দময়ন্তী’ও সুবর্ণ সুযোগ ছাড়ল না। ইচ্ছে, তার ‘এক তালিতেই দুটো লোক নিপাত যাক’। মহিলা গোয়েন্দা দময়ন্তীর কাছে সুস্থ সমাজই সবচেয়ে জরুরি।

‘তানসেনের তানপুরা’র আলাপ চায় সেই তানপুরাটা খুঁজতে। তার মতো এক জন সঙ্গীতশিল্পী ‘ভূতের রাজা’র কাছে বর চাওয়ার সময় সেই সত্যকেই গুরুত্ব দিলেন। সে চায় যেন ‘তালি দিলেই তালে’ পৌঁছাতে পারে। তার প্রেমিকার সঙ্গে এক তালে মিশে যেতে চায়।

‘মন্টু পাইলট’-এর মন্টু তার ভালবাসা পেতে চায়। যে প্রেমের জন্য তাকে অনেক ঝড়ঝাপটা সামলাতে হয়েছে। আর তাই, ‘তালি দিলেই ভালবাসা’। সে চায় ভ্রমরকে। ‘ভূতের রাজা’র বর পেলে সে আর ভ্রমর চিরকালের জন্য এক হয়ে যাবে।

‘রহস্য রোমাঞ্চ সিরিজ’-এর চোর ঝন্টুর হাতসফাইয়ে কাজে আসতে পারেন ‘ভূতের রাজা’। সে কথা মাথায় রেখেই তার দাবি, সে যেন এমন এক বর পায়, যার ফলে ‘এক তালিতেই গাড়ি উধাও’ করতে পারে। আর তার গাড়িবারান্দা ভরে উঠুক আরও গাড়িতে।

Reference:

<https://www.anandabazar.com/entertainment/hoichoi-is-celebrating-100-years-of-satyajit-ray-full-week-here-comes-bhooter-raj-dgtl/cid/1279502>

